তারিখ ... 09 MAR 2017
পৃষ্ঠা ...২... কলাম ... ৮ ......

সংবাদ

# এসএসসি ব্যবহারিক পরীক্ষায় নম্বর বাণিজ্যের অভিযোগ

প্রতিনিধি, শরণখোলা (বাগেরহাট)

বাগেরহাটের শরণখোলায় চলতি এসএসসি পরীক্ষায় প্রায় অর্ধশত পরীক্ষার্থীকে ব্যবহারিক পরীক্ষায় বেশি নম্বর দেয়ার প্রলোভন দেখিয়ে হাজার হাজার টাকা হাতিয়ে নিয়েছেন দু'অসাধু শিক্ষকের নেতৃত্বে একটি চক্র। পরীক্ষার্থীদের জিম্মি করে শিক্ষকদের এমন অনৈতিক বাণিজ্যের প্রতিবাদ জানিয়েছেন স্থানীয় এক গণপ্রতিনিধি। কিন্তু তাতেও পিছু হটছেন না লোভী ওই চক্রের সদস্যরা। নিয়ম-নীতির তোয়াক্কা না করে তাদের কার্যক্রম অব্যাহত রেখেছেন। অপরদিকে, এ ঘটনায় স্থানীয় সমাজসেবক, জনপ্রতিনিধি, বিশিষ্টজনসহ অভিভাবকদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে। ঘটনাটি ঘটেছে সম্প্রতি উপজেলার আমড়াগাছিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয়ের ৪৫৫ নং কেন্দ্রে। এ বিষয় বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক স্বপন কুমার (বিএসসি) বলেন, ব্যবহারিক পরীক্ষার সময় বোর্ডের প্রতিনিধিরা থাকেন। তাদের যাতায়াত খরচসহ সম্মানি দিতে হয়। সে জন্য পরীক্ষার্থীদের নিকট থেকে কিছু টাকা আদায় করা হয়েছে। অপরদিকে, ম্যানেজিং কমিটির সভাপতি মো. শহিদ হোসেন বলেন, বিষয়টি তার জানা নেই। খোঁজ খবর নিয়ে দেখবেন। তবে, অভিযুক্ত শিক্ষক বাবু ও প্রিন্স টাকা হাতানোর বিষয়টি অস্বীকার করে বলেন, তারা একটি মহলের ষড়যন্ত্রের শিকার।